DEC. 1 2 2000

দৈনিক সংবাদ

### ঢাকা বইমেলার সেমিনারে বক্তারা

# বই অনুবাদের জন্য স্বতন্ত্র প্রতিষ্ঠান গড়ে তুলুন

নিজস্ব বার্তা পরিবেশক ঃ 'মাতৃভাষার বিকাশ সাধনে অনুবাদ কার্যক্রম' শীর্ষক এক সেমিনারে বক্তারা বলেছেন; ভাষার বিকাশে অনুবাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিদেশী খ্যাতিমান বই অনুবাদের জন্য একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান গড়ে তোলার আহ্বান জানান তারা।

জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত ৭ম বইমেলা উপলক্ষে মোহাম্মদপুর 'শারীরিক শিক্ষা কলেজ মাঠে মেলা প্রাঙ্গণে গতকাল সোমবার বিকেলে এ সেমিনার অনুষ্ঠিত হয়। অধ্যাপক আনিসুজ্জামানের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সুব্রত বড়ুয়া। আলোচনা করেন ড. এ. এম. হারুন-অর রশিদ, ড. আতাউর রহমান এবং প্রকাশক মজিবর রহমান খোকা।

মূল প্রবন্ধে সুব্রত বড়ুয়া বলেন, মাতৃভাষায় সব দাপ্তরিক কাজকর্ম বাংলায় করার সিদ্ধান্ত হয়েছে; কিন্তু সে সিদ্ধান্ত বাস্তবায়নে যথার্থ পদক্ষেপ নেয়া হয়নি।

তিনি বলেন, বাংলা একাডেমি প্রতিষ্ঠার পর একটি অনুবাদ বিভাগ ছিল কিন্তু পরে সে বিভাগ বন্ধ করে দেয়া হয়।

ড. হারুন-অর রশিদ বলেন, আমাদের মাতৃভাষা বাংলা নিয়ে অত্যন্ত গৌরব বোধ করি কিন্তু যতটা আমরা আশা করি ততটা সমৃদ্ধি ভাষার ক্ষেত্রে অর্জন করতে পারিনি। বাংলা ভাষার বিকাশের জন্য রবীন্দ্রনাথের মতো প্রতিভা প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। তিনি বিখ্যাত যেসব বই বাংলায় অনূদিত হয়েছে তার একটি তালিকা প্রকাশের আহ্বান জানান।

ড. আতিউর রহমান বলেন, অনুবাদ সাহিত্য একমুখো ব্যাপার নয়। বিখ্যাত ইংরেজি সাহিত্য বা বিষয়ভিত্তিক বই যেমন বাংলায় অনুবাদ করা দরকার তেমনি বাংলা থেকে ইংরেজিসহ অন্য ভাষায় অনুবাদ করা দরকার। প্রসঙ্গক্রমে তিনি বলেন, কবি শামসুর রাহমান আন্তর্জাতিকমানের কবিতা লেখেন কিন্তু অনুবাদ কার্যক্রমে ততটা মনোযোগ দেইনি বলে আমরা শামসুর রাহমানকে আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যেতে পারিনি।

সভাপতির বক্তৃতায় অধ্যাপক আনিসুজ্জামান বলেন, বাংলা ভাষার যতটা বিকাশ ঘটেছে তা নিয়ে খুব বেশি আশাবাদী হওয়া যায় না।

তিনি বলেন, আমাদের সমৃদ্ধির স্বার্থেই অনুবাদ কার্যক্রমে আরও জোর দেয়া প্রয়োজন।

**আজকের সেমিনার ঃ** বইমেলা প্রাঙ্গণে আজ মঙ্গলবার বিকেল সাড়ে ৩টায় অনুষ্ঠিত হবে 'সার্বজনীন প্রাথমিক ও উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমে সহায়ক গ্রন্থের ভূমিকা' শীর্ষক সেমিনার। এতে মূল প্রবন্ধ পড়বেন গোলাম মইন উদ্দিন। শামসুজ্জামান খানের সভাপতিত্বে আলোচনা করবেন এ এস এম আবদুল হালিম, অধ্যাপক সালেহ মতিন, মওলানা আবদুল আউয়াল, মহিউদ্দিন আহমেদ ও সোহরাব হাসান।